

চার দিনের ছুটি আট মাসেও শেষ হয়নি স্কুলশিক্ষিকার

নেত্রকোনা প্রতিনিধি

০৫ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



মদন উপজেলার চানগাঁও ইউনিয়নের চানগাঁও মোড়লপাড়া গ্রামে অবস্থিত মোড়লপাড়া বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তদবির করে সহকারী শিক্ষক পদে চাকরি নেন পুলিশ কর্মকর্তার স্ত্রী তামান্না আক্তার রিতু। ক্ষমতার দাপট দেখিয়ে জানুয়ারিতে চার দিনের ছুটি নিয়ে আট মাসেও স্কুলে আসেন না ওই শিক্ষক। কয়েক মাস ধরে বেতনও বন্ধ করেছে কর্তৃপক্ষ। তামান্না আক্তার রিতু শেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার একেএম সামিউল হকের স্ত্রী। এ ছাড়া তিনি মদন পৌরসভা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার ও উপজেলার দৌলতপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা একেএম শামছুল হকের পুত্রবধূ।

তামান্না আক্তার রিতু ২০১৮ সালে মোড়লপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করেন। ২০২২ সালে বিনা অনুমতিতে বিদ্যালয়ে আসা বন্ধ করেন। বিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে উর্ধ্বতন কর্মকর্তাদের অবগত করলে তারা বিভাগীয় মামলার প্রস্তুতি নেন। বিষয়টি জানতে পেরে বিদ্যালয়ের শিক্ষিকার স্বামী পুলিশ কর্মকর্তা বিভিন্ন মাধ্যমে তদবির করে ধামাচাপা দেন। তারপর চলতি বছরের ২ জানুয়ারি ৪ দিন ছুটি নেন তিনি। সোমবার ওই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, তামান্না আক্তার রিতু স্কুলে নেই। বিনা অনুমতিতে দীর্ঘ আট মাস ধরে স্কুলে আসেন না। নাম প্রকাশ না করার শর্তে রিতুর সহকর্মী বিদ্যালয়ের সহকারী শিক্ষক কয়েকজন বলেন, রিতু সব শেষ চলতি বছরের জানুয়ারির ১ তারিখ বিদ্যালয়ে এসেছিল। এরপর থেকে আর আসেনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুবা সুলতানা জানান, এ বিষয়টি উপজেলা শিক্ষা অফিস অবগত আছে। শুনেছি তার বিরুদ্ধে বিভাগীয় মামলা করেছে। বিদ্যালয়ের অ্যাডহক কমিটি সভাপতি ও দায়িত্বরত ক্লাস্টারের উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা তারিক সালাউদ্দিন বলেন, মোড়লপাড়া বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক তামান্না আক্তার রিতু দীর্ঘ আট মাস ধরে বিদ্যালয়ে অনুপস্থিত রয়েছেন। তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে ডিপিও স্যারের কাছে প্রতিবেদন পাঠিয়েছি। এ ব্যাপারে জেলা শিক্ষা কর্মকর্তা মো. মিজানুর রহমান বলেন, তামান্না আক্তার রিতুর বিরুদ্ধে বিভাগীয় মামলার প্রস্তুতি চলছে।